# যুদ্ধে জয়ী ইরান এখন বড় চ্যালেঞ্জ স্থিতিশীলতা: গালিবাফ




ইরানের স্পিকার গালিবাফ। ছবি: সংগৃহীত

ইরানের পার্লামেন্টের স্পিকার ও দেশটির শীর্ষ আলোচক মোহাম্মদ বাকের গালিবাফ দাবি করেছেন, সাম্প্রতিক সংঘাতে ইরান বিজয় অর্জন করেছে। তবে এই অর্জনকে দীর্ঘমেয়াদে ধরে রাখতে দেশের স্থিতিশীলতা নিশ্চিত করাই এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ চ্যালেঞ্জ বলে মন্তব্য করেন তিনি।

গালিবাফ বলেন, যুদ্ধক্ষেত্রে অর্জিত সাফল্যকে স্থায়ী ও সুসংহত ভিত্তির ওপর প্রতিষ্ঠা করতে হবে। একই সঙ্গে জনগণের মধ্যে ভবিষ্যৎ নিয়ে আস্থা ও আশাবাদ বজায় রাখার প্রয়োজনীয়তার কথাও উল্লেখ করেন তিনি।

তিনি আরও বলেন, শক্তিশালী ইরান গড়ে তুলতে সর্বোচ্চ নেতার নির্বাহী কর্তৃত্ব ও কার্যকর সক্ষমতা আরও জোরদার করা প্রয়োজন। তার মতে, রাষ্ট্রকে আরও শক্তিশালী করার সব উদ্যোগের ভিত্তি হওয়া উচিত এ বিষয়টি।

এদিকে শনিবার (১ আগস্ট) ট্রাম্পের যুদ্ধসংক্রান্ত মন্ত্রিসভা বৈঠক চলাকালে হরমুজ প্রণালিতে মার্কিন পাহারায় থাকা দুটি তেলবাহী ট্যাংকারে হামলার দাবি করেছে ইরান।

ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) এক বিবৃতিতে জানায়, নির্দেশনা অমান্যকারী তেলবাহী ট্যাংকারগুলোকে লক্ষ্য করে অভিযান চালিয়ে থামিয়ে দেওয়া হয়েছে। একই সঙ্গে আরও চারটি ট্যাংকার দ্রুত গতিপথ পরিবর্তন করে আগের অবস্থানে ফিরে যায়। আইআরজিসির দাবি, জাহাজগুলো মার্কিন বিমানবাহিনীর নিরাপত্তায় একটি অঘোষিত নৌপথ ব্যবহার করে হরমুজ প্রণালি অতিক্রমের চেষ্টা করছিল।

তবে চলমান পরিস্থিতিতে যুদ্ধের চূড়ান্ত জয় বা পরাজয় নিয়ে এখনই সিদ্ধান্তে পৌঁছানো সম্ভব নয় বলে মত দিয়েছেন বিভিন্ন সমর বিশ্লেষক।